

সাপ্লায়ার ককাদ অব কনডাক্ট

1. আইন এবং নিয়মকানুন

ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা দেশ এবং অঞ্চলের জন্য প্রযোজ্য সকল আইন এবং নিয়মকানুন মেনে চলা। উপরন্তু, এই সকল আইন এবং এওন সাপ্লায়ার কোড অব কনডাক্ট মেনে চলার জন্য সাপ্লায়ার এবং সাবকন্ট্রাকটর, কন্ট্রাকটরদের নিকট আবেদন করা।

2. শিশু শ্রম

15 বছর কিংবা সেই দেশের আইনে অনুমোদিত বয়সের কোন একটির বেশি বয়সে পৌঁছেনি এমন শিশুদের ব্যবহার বা ব্যবহারে সহায়তা প্রদান না করা। আইন দ্বারা ব্যবহার অথবা কর্মসংস্থানের অনুমোদিত বয়স কিংবা তার চাইতে বেশি এবং 18 বছরের কম বয়সী শিশু, বাধ্যতামূলক শিক্ষা আইনের যোগ্য বলে বিবেচিত হলে, তার স্কুলে গমনকে অগ্রাধিকার দিয়ে, শারীরিক এবং মানসিক স্বাস্থ্য বা উন্নয়নের / বিকাশের জন্য ক্ষতিকর বা বিপজ্জনক পরিস্থিতিতে ঠেলে না দেয়া।

3. জোরপূর্বক শ্রম

নিয়োগ এবং কর্মসংস্থান প্রক্রিয়ায়, হামলা, ভীতিপ্রদর্শন, অবরোধ ও অন্যান্য মানসিক, শারীরিক এবং কর্মের স্বাধীনতাকে অন্যায়ভাবে দমিয়ে রাখার পদ্ধতির মাধ্যমে, শ্রমিকদের ইচ্ছার বিরুদ্ধে জোরপূর্বক কর্মসংস্থান ও শ্রমে নিযুক্ত না করা বা সহযোগী না হওয়া।

4. কর্ম ঘন্টা

কর্ম ঘন্টা, বিরতি এবং ছুটির দিন সম্পর্কিত আইন এবং শিল্পের নির্ধারিত মানদণ্ড মেনে চলা। অতিরিক্ত সময়ের কাজ একটি স্বত: স্ফূর্ত বিষয়, যা স্ব-প্রণোদিত হয়ে করার বিষয়, এবং নিয়মিত আবশ্যিক বিষয় নয়। সংবিধিবদ্ধ কর্ম ঘন্টাকে অতিক্রমকারী শ্রমের ক্ষেত্রে নির্ধারিত অতিরিক্ত সময়ের কাজের অর্থ প্রদান করা।

5. মজুরি এবং কল্যাণ / সুবিধা

জাতীয় মজুরি ও কল্যাণ আইন মেনে চলা। প্রাসঙ্গিক আইনের ভিত্তিতে, মজুরি ও ভাতা প্রদান এবং কর্তন করে, রেকর্ড বজায় রাখা। মজুরির পরিমাণ, শ্রমিকদের মৌলিক চাহিদা পূরণের জন্য প্রয়োজনীয় অর্থের চাইতে বেশি হওয়া। পরিশোধিত মজুরির বিষয়বস্তু, অতিরিক্ত কাজের জন্য অতিরিক্ত ভাতা সহ, শ্রমিকদের বোধগম্য পদ্ধতিতে ব্যাখ্যা করা।

6. দুর্ব্যবহার এবং হয়রানি

শ্রমিকদের শারীরিক শাস্তি প্রদান, মানসিক বা শারীরিক অত্যাচার কিংবা কথার মাধ্যমে দুর্ব্যবহার না করা কিংবা বা তার সহযোগী না হওয়া। ব্যবসায়িক কার্যক্রমের সব ধরনের পরিস্থিতিতে, অঙ্গভঙ্গি, ভাষা, শারীরিক সংস্পর্শ সহ যে কোন ধরনের হয়রানিকে প্রশয় না দেয়া।

7. বৈষম্য

জাতি, জাতীয়তা, জাতিগত গোষ্ঠী, লিঙ্গ, বয়স, জন্মস্থান, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, শারীরিক ও মানসিক অক্ষমতা, যৌন অবস্থা এবং লিঙ্গ পরিচয় ইত্যাদিকে কারণ হিসাবে নিয়ে নিয়োগ, মজুরি, পদোন্নতি, প্রশিক্ষণ, চাকরি ছেড়ে দেয়া, অবসর গ্রহণ ইত্যাদির মত নিয়োগের ক্ষেত্রে বৈষম্য না করা কিংবা বৈষম্যে সহযোগিতা না করা। নিয়োগ সম্পর্কিত সকল সিদ্ধান্তের জন্য, প্রয়োজনীয় কাজ সম্পন্ন করার ক্ষমতা মানদণ্ড অনুযায়ী নির্ধারণ করা।

8. সংগঠন করার স্বাধীনতা এবং যৌথ দরকষাকষি করার অধিকার

শ্রমিকদের ক্ষেত্রে, শ্রমিকগণ নিজেদের পছন্দমত ট্রেড ইউনিয়ন গঠন করা, সদস্য হওয়া, পরিচালনা করা এবং শ্রমিকদের প্রতিনিধি হিসাবে ব্যবসা প্রতিষ্ঠানের সাথে যৌথ দরকষাকষি করার অধিকারকে সম্মান করা। আইন দ্বারা সংগঠন করার স্বাধীনতা এবং যৌথ দরকষাকষি করার অধিকারের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলে, একটি বিকল্প উপায় হিসেবে ব্যবস্থাপনা এবং শ্রমিকদের প্রতিনিধির নিকট তাদের উদ্বেগের বিষয় জানানোর জন্য একটি অভিযোগ পরিচালনা ব্যবস্থা স্থাপন করে, বিশ্বস্ততার সাথে ব্যবস্থা গ্রহণ করা।

9. নিরাপত্তা এবং স্বাস্থ্য

প্রযোজ্য আইন এবং নিয়মকানুনের সাথে সঙ্গতিপূর্ণ, একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের পরিবেশ শ্রমিকদের প্রদান করার পাশাপাশি, সম্ভাব্য নিরাপত্তা এবং স্বাস্থ্য সম্পর্কিত দুর্ঘটনা বা আঘাত বা মানসিক বিষয়সমূহ সহ রোগ প্রতিরোধের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা। শ্রমিকদের জন্য প্রদান করা ডরমেটরি বা ক্যান্টিনেও একই ভাবে নিরাপত্তা এবং স্বাস্থ্যের মানদণ্ড প্রয়োগ করা।

10. পরিবেশ

উত্পাদনের দেশ এবং এলাকার পরিবেশ সম্পর্কিত সকল আইন ইত্যাদি শুধু মেনে চলা নয়, পরিবেশ সংরক্ষণের জন্য সর্বোচ্চ মনোযোগ দেয়া। ব্যবহৃত কাঁচামাল এবং যন্ত্রাংশ, সেগুলো মজুতকারী দেশ বা অঞ্চলের আইন ও নিয়মকানুন, ইন্টারন্যাশনাল কনভেনশন, প্রোটোকলের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা যাচাই করে, এওন নির্ধারিত পরিবেশগত নীতিমালা মেনে চলা।

11. ব্যবসায়িক লেনদেন

চূড়ান্ত পণ্য (ফাইনাল প্রোডাক্ট) এবং তার উপাদানের মূল দেশ (কান্ট্রি অব অরিজিন) এবং অঞ্চলের বাণিজ্য (লেনদেন) সম্পর্কিত আইন মেনে চলা।

12. সততা এবং স্বচ্ছতা

সকল ব্যবসা কার্যক্রমের ক্ষেত্রে, ঘুম, রেকর্ড, প্রমাণ এবং সাক্ষ্যের জালিয়াতি, অসত্যকরণ এবং গোপন করার মত অনৈতিক কাজ কোনভাবেই না করা। ব্যবসা কার্যক্রমের সাথে সম্পর্কিত তথ্য, প্রযোজ্য নিয়মকানুন এবং সাধারণ ব্যবসায়িক রীতি অনুযায়ী সঠিকভাবে প্রকাশ করা।

13. এনগেজমেন্ট

এওন সাপ্লায়ার কোড অব কনডাক্টের আবশ্যিকীয় বিষয়বস্তু নিজেদের ব্যবসা প্রতিষ্ঠান এবং নিজেদের সংগঠনের ম্যানেজমেন্ট সিস্টেমের মধ্যে অন্তর্ভুক্ত করে, সমগ্র সাপ্লাই চেইনের সামাজিক সমস্যা সমাধানের জন্য সকল সংগঠনের একসাথে কাজ করা।